


Request for Expression of Interest (EOI) বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি' শীর্ষক প্রকল্পটি দেশের ৮টি বিভাগের ১৬টি জেলায় (ঢাকা, গোপালগঞ্জ, গাজীপুর, শরীয়তপুর, মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা, লক্ষীপুর, চাঁদপুর, রাজশাহী, নড়াইল, ঠাকুরগাঁও, ভোলা, শেরপুর, সিলেট ও সুনামগঞ্জ) বাস্তবায়নের লক্ষ্যে গত ৩১-১০-২০২২খ্রি. তারিখে সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির কার্যক্রম বর্ণিত ১৬টি জেলায় বাস্তবায়নের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট হতে EOI আহ্বান করা যাচ্ছে।

০১	মন্ত্রণালয়/বিভাগ	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
০২	প্রতিষ্ঠান	যুব উন্নয়ন অধিদপ্তর
০৩	সংগ্রহকারী সত্তার নাম	মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর
০৪	কোড	৩৬৪০
০৫	জেলার নাম	ঢাকা
০৬	কাজের বিবরণ	দেশের ৮টি বিভাগের ১৬টি জেলায় (ঢাকা, গোপালগঞ্জ, গাজীপুর, শরীয়তপুর, মাদারীপুর, রাজবাড়ী, কুমিল্লা, লক্ষীপুর, চাঁদপুর, রাজশাহী, নড়াইল, ঠাকুরগাঁও, ভোলা, শেরপুর, সিলেট ও সুনামগঞ্জ) শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান সংগ্রহ করা।
০৭	EOI বিজ্ঞপ্তি আহ্বানের সূত্র	যুব উন্নয়ন অধিদপ্তর, স্মারক নং ৩৪.০১.০০০০.০৪৫.৩৭.০০০৩.২২-০২ তারিখ: ৩০-১১-২০২২ খ্রি.
০৮	যে সকল কাগজপত্র দাখিল করতে হবে	১) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ প্রদানের অভিজ্ঞতার স্বপক্ষে ৫টি কার্যাদেশ দাখিল করতে হবে। ২) হালনাগাদ আয়কর, ভ্যাট ও ট্রেডলাইসেন্স এর সনদ এবং হালনাগাদ আয়কর ও ভ্যাট পরিশোধের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ৩) কারিগরী যোগ্যতা সম্পন্ন জনবলের তালিকা মোবাইল নম্বরসহ দাখিল করতে হবে। ৪) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ৫) সরকারী পর্যায়ে ৫টি কাজের কার্যাদেশের সত্যায়িত কপি দাখিল করতে হবে। ৬) বিগত ৩ বছরের অডিট রিপোর্ট এবং যে কোন ব্যাংক থেকে আর্থিক সলভেন্সির সনদপত্র দাখিল করতে হবে। ৭) প্রতিষ্ঠানটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধনের সনদপত্র দাখিল করতে হবে। ৮) প্রতিষ্ঠানের কমপক্ষে ৩০(ত্রিশ) কোটি টাকার ক্রেডিট লাইন থাকার স্বপক্ষে যে কোন ব্যাংক থেকে সনদ দাখিল করতে হবে এবং উক্ত সনদের ইস্যু EOI দাখিলের ১ সপ্তাহ পূর্বে হতে হবে।
০৯	প্রতিষ্ঠানের যোগ্যতা	১। প্রতিষ্ঠানের আন্তর্জাতিক ক্ষেত্রে আউটসোর্সিং/ফ্রিল্যান্সিং কাজের অভিজ্ঞতা থাকতে হবে এবং বিদেশি প্রতিষ্ঠানের সাথে কাজ করার অভিজ্ঞতার প্রমাণাদি দাখিল করতে হবে। ২। নিজেদের অর্থায়নে আউটসোর্সিং কাজের পাশাপাশি সরকারি প্রতিষ্ঠানের অর্থায়নে কার্যক্রম পরিচালনা, জেলা পর্যায়ে নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণ কার্যক্রম থাকতে হবে।

		<p>৩। প্রতিষ্ঠানের প্রশিক্ষিত যুবরা ফ্রিল্যান্সিং উদ্যোক্তা হিসেবে যে আয় করছে তার বর্তমান অবস্থা, প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটে থাকতে হবে।</p> <p>৪। আউটসোর্সিং কার্যক্রম পরিচালনার লক্ষ্যে ঢাকায় প্রতিষ্ঠানটির প্রধান কার্যালয় এবং প্রকল্পাধীন প্রতিটি জেলায় উন্নতমানের কম্পিউটারসহ নিজস্ব ২টি ল্যাব থাকতে হবে। প্রতিটি ল্যাবে ৩০টি কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টর, হাই স্পিড ইন্টারনেট এবং নেটয়ার্কিং সরঞ্জামাদি থাকতে হবে।</p> <p>৫। প্রশিক্ষণ প্রতিষ্ঠান জেলা পর্যায়ে যে প্রশিক্ষণ সেন্টার/ল্যাব পরিচালনা করছে তা উক্ত প্রতিষ্ঠানের অধীনে পরিচালিত হচ্ছে মর্মে উপযুক্ত প্রমাণাদি দাখিল করতে হবে।</p> <p>৬। প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক দক্ষ প্রশিক্ষক থাকতে হবে এবং প্রশিক্ষকদের NTQF Level-II নির্দিষ্ট বিষয়ের উপরে ন্যূনতম ৫(পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে এবং প্রশিক্ষকদের নিজেদের Earning Profile এর প্রমাণাদি দাখিল করতে হবে।</p> <p>৭। ফ্রিল্যান্সারদের ফান্ড কালেকশন এর জন্য প্রতিষ্ঠানের নিজ নামে পেমেণ্ট গেটওয়ে পে-পাল অ্যাকাউন্ট থাকতে হবে এবং ন্যূনতম ০৩বছরের পে-পাল অ্যাকাউন্ট স্টেটমেন্ট জমা দিতে হবে।</p> <p>৮। প্রশিক্ষণ চলাকালীন ন্যূনতম ৬০% প্রশিক্ষার্থীর আবাসিক ব্যবস্থা থাকতে হবে।</p> <p>৯। প্রতিষ্ঠানটি প্রকল্পের উপকারভোগীদের মধ্যে হতে কমপক্ষে ৬০% প্রশিক্ষার্থীর সংশ্লিষ্ট কাজে কর্মসংস্থান নিশ্চিত করবে এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।</p>
১০	EOI দাখিলের স্থান	মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন (৩য়তলা), ১০৮ মতিঝিল, ঢাকা-১০০০।
১১	EOI দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	১৪-১২-২০২২ তারিখ, দুপুর ১২.০০ টা
১২	EOI খোলার তারিখ ও সময়	১৪-১২-২০২২ তারিখ, দুপুর ১২.৩০ টা

উপযুক্ত প্রতিষ্ঠান Short Listed হওয়ার পর তাদের অনুকূলে RFP ইস্যু করা হবে। এছাড়াও এ বিষয়ে আরো কোন তথ্য জানা/সংগ্রহের প্রয়োজন হলে অত্র দপ্তরের সাথে যোগাযোগ করা যেতে পারে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(মো: আব্দুর রেজাক)

প্রকল্প পরিচালক

‘শিক্ষিত কর্মপ্রত্যাশি যুবদের ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের

মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি’ শীর্ষক প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।